



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৭০০/এনএসডব্লিউ/জারাবো/২০২৫/১৩৫১
ফেব্রুয়ারী ১৬, ২০২৫

অতীব জরুরী

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় : BSW System এ বিকেএমইএ সদস্যদের Registration করনের বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২০১৬ সালে বাংলাদেশ বিশ্ববাণিজ্য সংস্থার Trade Facilitation Agreement (TFA) স্বাক্ষর করেছে। এই চুক্তির (TFA) ১০.৪ অনুযায়ী আমদানী রপ্তানী বাণিজ্য সহজতর করার লক্ষ্যে সকল সদস্য রাষ্ট্রের জন্য ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো (NSW) স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশে সিঙ্গেল উইন্ডো বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক National Single Window (NSW) প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় আমদানী রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত ১৯টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) সংগ্রহের জন্য একটি সিঙ্গেল প্ল্যাটফর্মে (অনলাইন সিস্টেমে) আবেদন দাখিল এর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। উক্ত ১৯টি সংস্থার মধ্যে বিকেএমইএ একটি।

প্রধান উপদেষ্টার কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ২৮ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখের পর থেকে অন্যান্য CLP এর মত বিকেএমইএ'র Machinery Release Certificate, Fire Certificate, Certificate of Origin (COO) অনলাইনে ইস্যুকরণের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় উল্লিখিত সার্টিফিকেটসমূহের অনলাইন ভিত্তিক লাইভ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা লক্ষ্যে সকল সদস্যদেরকে আবশ্যিকভাবে BSW সিস্টেমে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ জানাচ্ছি। নিম্নোক্ত লিংক ব্যবহার করে BSW সিস্টেমে (<https://bswnbr.gov.bd/wu/registration/index>) আপনার নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। এছাড়াও সিস্টেম ব্যবহারের সুবিধার্থে রেজিস্ট্রেশন সংক্রান্ত একটি ভিডিও টিউটোরিয়াল লিংক (<https://www.youtube.com/watch?v=MJ5MD4O2Nk4>) দেওয়া হলো। এছাড়াও রেজিস্ট্রেশন সংক্রান্ত যেকোন সহযোগিতার জন্য BSW হেল্প ডেস্ক নাম্বার ১৬১৩৯ এ কল করার জন্য অনুরোধ জানাচ্ছি।

অতএব National Single Window (NSW) এর গুরুত্ব অনুধাবন করে বিকেএমইএ'র আমদানী রপ্তানী সংক্রান্ত উল্লিখিত সার্টিফিকেটগুলো অনলাইন সিস্টেম থেকে গ্রহণের জন্য সকল সদস্যদেরকে নির্ধারিত সময়ের মধ্যে BSW সিস্টেমে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তি : ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প কর্তৃক প্রেরিত চিঠির কপি।

Head Office : BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net Log on : www.bkmea.com